# AKASHVANI(AIR)

# RNU: KOLKATA

# Bengali Text Bulletin

**Date 07-07-2026** **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ভারতকেশরী শ্যামাপ্রসাদ মুখার্জির স্বপ্ন পূরণে বর্তমান পশ্চিমবঙ্গ সরকারের গৃহীত উদ্যোগকে স্বাগত জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

২) পশ্চিমবঙ্গে রাজ্যসভার তিনটি আসনে উপনির্বাচনের জন্য আজ বিজ্ঞপ্তি জারি হবে। ভোটগ্রহণ ২৪ শে জুলাই।

৩) মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরের সূর্যপুরে গিয়ে আজ নির্যাতিতা নাবালিকার পরিবারের সঙ্গে সাক্ষাত্‍ করবেন।

এই ঘটনায় জাতীয় মহিলা কমিশন স্বতঃপ্রণোদিত মামলা রুজু করেছে।

৪) নাবালিকা নির্যাতন ও হত্যা নিয়ে উত্তপ্ত পরিস্থিতির মধ্যেই ফুটবল খেলাকে কেন্দ্র করে এক কিশোরের হত্যার ঘটনায় বারুইপুরে তীব্র উত্তেজনা ছড়িয়েছে।

৫) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ বিপ্লবী দীনেশ গুপ্তর আত্মবলিদান দিবসে তাঁকে স্মরণ করা হচ্ছে।

৬) অ্যান্তনীয় লোপেজ হাবাস আসন্ন মরশুমের জন্য ইস্টবেঙ্গল ফুটবল দলের নতুন কোচ নিযুক্ত হয়েছেন।

---

ভারতকেশরী শ্যামাপ্রসাদ মুখার্জির স্বপ্ন পূরণে বর্তমান পশ্চিমবঙ্গ সরকারের গৃহীত উদ্যোগকে স্বাগত জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কলকাতায় গতকাল শ্যামাপ্রসাদ মুখার্জির জন্মজয়ন্তী উপলক্ষে এক ভিডিও বার্তায় প্রধানমন্ত্রী বলেন, শ্যামাপ্রসাদ মুখার্জী এমন শিক্ষার উপর জোর দিয়েছেন যা উদ্ভাবনের চেতনাকে বাড়িয়ে তোলে এবং এমন উদ্যোগের কথা বলেছেন যা দেশকে আত্মনির্ভর বানায়। ডক্টর মুখার্জির এই ভাবনায় বিকশিত ভারতের মন্ত্র গাথা রয়েছে। মাতৃভাষায় শিক্ষার ওপর বিশেষ জোর দিতে শ্যামাপ্রসাদ মুখার্জির দৃষ্টিভঙ্গীকে কেন্দ্রের জাতীয় শিক্ষানীতিতে মান্যতা দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী জানান, শ্যামাপ্রসাদ মুখার্জী এক ভারতের জন্য নিজেকে উৎসর্গ করেছেন। তাই দেশের প্রতিটি মানুষকে শ্রেষ্ঠ ভারত গড়ে তোলার জন্য উদ্যোগ নিতে হবে বলে শ্রী মোদি উল্লেখ করেন।

বিশে জুন পশ্চিমবঙ্গ দিবস পালনের কথা উল্লেখ করে শ্রী মোদী রাজ্য সরকারকে অভিনন্দন জানান।

বাইট মোদী

অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ শ্যামাপ্রসাদ মুখার্জির ভূমিতে বিজেপির সরকার গড়ে তোলার জন্য রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর প্রশংসা করেন। তিনি বলেন, শ্যামাপ্রসাদ মুখার্জী প্রতিবেশী দেশে হিন্দুদের সুরক্ষার জন্য সব সময় চিন্তা করেছেন। তার সেই অবদানকে স্বীকৃতি দিতে কেন্দ্রীয় সরকার সংশোধিত নাগরিকত্ব আইন চালু করেছে। এই আইনে শরণার্থীদের নাগরিকত্ব দেওয়া হচ্ছে। এখনো যারা তা পাননি, তাদের শীঘ্রই নাগরিকত্ব দেওয়া হবে। পাশাপাশি বিজেপির সংকল্প পত্রে

অপরাধী এবং দুষ্কৃতীদের বিরুদ্ধে কঠোর অবস্থান গ্রহণের যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, তা গুন্ডা দমন বিল পাশের মাধ্যমে বাস্তবায়িত করার জন্য মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর উদ্যোগকে স্বরাষ্ট্রমন্ত্রী স্বাগত জানিয়েছেন।

বাইট- অমিত শাহ

অনুষ্ঠানে রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, শ্যামাপ্রসাদের জন্যই ভারতে শরণার্থী হিন্দুরা আশ্রয় পেয়েছেন। এই কঠিন সত্যকে স্বাধীনতার পর কংগ্রেস, পরে সিপিআইএম এবং পূর্বতন তৃণমূল কংগ্রেস সরকার ভুলিয়ে দিয়েছে বলে অভিযোগ করেন তিনি।

এর আগে মিত্র ইনস্টিটিউশনে এক অনুষ্ঠানে যোগ দিয়ে শ্যামাপ্রসাদ মুখার্জীর কীর্তি পাঠ্য পুস্তকে অন্তর্ভুক্ত করা উচিত বলে মত প্রকাশ করেন মুখ্যমন্ত্রী।

বাইট শুভেন্দু

---------------

পশ্চিমবঙ্গের তিনটি রাজ্যসভা আসনে উপনির্বাচনের জন্য আজ বিজ্ঞপ্তি জারি হবে।

আগামী ২৪ জুলাই ঐ তিনটি আসনে উপনির্বাচন হবে। মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন ১৪ জুলাই, পরদিন জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা নিরীক্ষা করা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ১৭ জুলাই। ২৪ জুলাই সকাল ৯টা থেকে বিকেল ৪টে পর্যন্ত ভোট নেওয়া হবে। ঐ দিনই বিকেল ৫টা থেকে ভোটগণনা।

২৭ জুলাইয়ের মধ্যে নির্বাচন প্রক্রিয়া সম্পূর্ণ করার নির্দেশ দিয়েছে কমিশন।

উল্লেখ্য, বিধানসভা ভোটে তৃণমূল কংগ্রেসের পরাজয়ের পর দলের ভাঙন ক্রমশ স্পষ্ট হয়েছে। বিধানসভার পরিষদীয় এবং লোকসভায় সংসদীয় দল ভেঙেছে। রাজ্যসভায়

তৃণমূল কংগ্রেসের তিন সাংসদ সুখেন্দু শেখর রায়, সুস্মিতা দেব এবং প্রকাশ চিক বরাইক ইস্তফা দিয়েছেন। এর ফলে এই আসনগুলি শূন্য হয়।

---------------

রাজ্যে সীমান্ত এলাকায় অনুপ্রবেশ রোধে গৃহীত ব্যবস্থা এবং বর্তমান পরিস্থিতি নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক বৈঠকে বসতে চলেছে। আজ নতুন দিল্লিতে প্রস্তাবিত এই বৈঠকে পশ্চিমবঙ্গের মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব ছাড়াও রাজ্য পুলিশের ডিজি উপস্থিত থাকবেন। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীও এই বৈঠকে উপস্থিত থাকতে পারেন।

উল্লেখ্য অনুপ্রবেশ ঠেকাতে সীমান্তে অরক্ষিত অংশে কাঁটাতার দেওয়া এবং আউটপোস্ট তৈরির জন্য রাজ্য সরকার ইতিমধ্যেই বি এস এফ কে জমি দেওয়ার কাজ শুরু করেছে।

---------------

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরের সূর্যপুরে গিয়ে আজ নির্যাতিতা নাবালিকার পরিবারের সঙ্গে সাক্ষাত্ করবেন। গতকালই তিনি এই ঘটনায় কড়া অবস্থান গ্রহণের ইঙ্গিত দিয়েছেন। শিশুটির অত্যাচারের সঙ্গে যুক্ত প্রত্যেকেরই সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করা হবে বলে শ্রী অধিকারী জানান।

বাইট শুভেন্দু

তিনি আরও বলেন, নাবালিকা হত্যার ঘটনায় আইন হাতে তুলে নেওয়ার জন্যে ২০০ জনকে সনাক্ত করা হয়েছে। এই ঘটনার পর রাজনৈতিক ও সাম্প্রদায়িক ষড়যন্ত্রের ইঙ্গিত দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, নাবালিকাকে নির্যাতন ও খুনের মামলা ছাড়াও

গণপিটুনিতে এক ব্যক্তির মৃত্যু, পুলিশের উপর হামলা এবং রেললাইন অবরোধের ঘটনায় পৃথক মামলা দায়ের হয়েছে।

এছাড়াও পক্সো আইনে মামলা রুজুর পাশাপাশি এই ঘটনায় গণধর্ষণ, খুন, তথ্য প্রমাণ লোপাট এবং অপহরণের একাধিক ধারা যুক্ত করা হয়েছে।

এদিকে, নাবালিকা হত্যার ঘটনায় পুলিশ মূল অভিযুক্ত আনন্দ সর্দারকে গ্রেপ্তার করেছে। এই নিয়ে এই ঘটনায় ধৃতের সংখ্যা বেড়ে হল তিন। আগেই গ্রেপ্তার হওয়া প্রভাস মন্ডল ও দিবাকর সর্দারকে ১৪ দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে আদালত।

শান্তি বজায় রাখতে, বারুইপুর, নরেন্দ্রপুর এবং সোনারপুর থানা এলাকায় জারি করা হয়েছে ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ ধারা।

---------------

বারুইপুরের ঘটনা এবং এর জেরে তৈরি হওয়া জনরোষের প্রেক্ষিতে জাতীয় মহিলা কমিশন স্বতঃপ্রণোদিত মামলা রুজু করেছে। গোটা ঘটনায় উদ্বেগ ব্যক্ত করে রাজ্য পুলিশের মহানির্দেশকের কাছ থেকে সাত দিনের মধ্যে বিস্তারিত অ্যাকশন টেকেন রিপোর্ট চাওয়া হয়েছে। ভারতীয় ন্যায় সংহিতা এবং পক্সো আইনের কোন্ ধারায় মামলা রুজু হয়েছে, কতজন গ্রেপ্তার এবং তদন্তের অগ্রগতি - এই রিপোর্টে জানাতে হবে। পাশাপাশি নাবালিকার দেহ উদ্ধারের পর ইন্দ্রদীপ তাঁতী নামে এক ব্যক্তির গণ পিটুনিতে মৃত্যুর ঘটনায় দ্রুত ব্যবস্থা, ময়নাতদন্ত ও ফরেন্সিক পরীক্ষা নিরীক্ষা এবং আক্রান্তের পরিবারকে কি ধরনের সহায়তা দেওয়া হয়েছে, তাও কমিশনকে রিপোর্ট আকারে জানাতে হবে।

---------------

নাবালিকা নির্যাতন ও হত্যা নিয়ে উত্তপ্ত পরিস্থিতির মধ্যেই ফুটবল খেলাকে কেন্দ্র করে বিবাদের জেরে বারুইপুরে ১৭ বছরের এক কিশোরের হত্যার ঘটনায় তীব্র উত্তেজনা ছড়িয়েছে। ফুলতলা এ ব্লকের বাসিন্দা প্রসেনজিত্ বিশ্বাসের সঙ্গে দিন তিনেক আগে ফুটবল ম্যাচে জয়ী হওয়াকে কেন্দ্র করে কয়েকজন যুবকের বিবাদ হয়। গতকাল প্রসেনজিতকে পালপাড়া ব্যাঙ্ক সংলগ্ন এলাকায় ডেকে নিয়ে গিয়ে ধারালো অস্ত্র দিয়ে হামলা চালানো হয় বলে অভিযোগ। রক্তাক্ত অবস্থায় হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন।

এদিকে, ঘটনার খবর ছড়িয়ে পড়তেই হাসপাতালে মৃতের পরিবারের সদস্য এবং স্থানীয় বাসিন্দারা বিক্ষোভ শুরু করেন। পরিস্থিতি ক্রমশ উত্তপ্ত হয়ে ওঠে। গতরাতেই অভিযুক্ত তিনজনকে স্থানীয় বাসিন্দারা পুলিশের হাতে তুলে দিয়েছে।

----------------

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ বিপ্লবী দীনেশ গুপ্তর আত্ম বলিদান দিবসে তাঁকে স্মরণ করা হবে ও তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হবে। দিনেশ গুপ্ত ছিলেন বিনয় বাদল দীনেশ ত্রয়ীর এক নির্ভীক বিপ্লবী। স্বৈরাচারী ব্রিটিশ শাসনের বিরুদ্ধে তিনি ঢাকা ও মেদিনীপুরে বিপ্লবী দল গড়ে তুলেছিলেন। ১৯৩০ সালের ৮ ডিসেম্বর বিপ্লবী বিনয় বসুর নেতৃত্বে দীনেশ গুপ্ত ও বাদল গুপ্ত রাইটার্স বিল্ডিং এ অভিযান চালিয়ে অত্যাচারী ইন্সপেক্টর জেনারেল সিম্পসন কে হত্যা এরপর আত্মহত্যার চেষ্টা করেন তারা। মৃত প্রায় দীনেশ কে গ্রেপ্তার করে পুলিশ । বিচারে ফাঁসির আদেশ হয় দীনেশ গুপ্তর। দেশ স্বাধীন হওয়ার পর বিনয় বাদল দীনেশ এই তিন বিপ্লবীর স্মরণে ডালহৌসি স্কয়ারের নাম বি বা দী বাগ রাখা হয়।

----------------

আন্তোনিয়ো লোপেস হাবাস আসন্ন মরসুমের জন্য ইস্টবেঙ্গল ফুটবলে দলের নতুন কোচ নিযুক্ত হয়েছেন। স্প্যানিশ কোচের সঙ্গে ইস্টবেঙ্গলের এক বছরের চুক্তি হয়েছে। নতুন কোচ হিসাবে হাবাসের নামই ঘোষণা করেছেন ইস্টবেঙ্গল ।

ইস্টবেঙ্গল গত মরসুমে প্রথম বার আইএসএল চ্যাম্পিয়ন হয়েছিল। তারপর অস্কার ব্রুজো কোচের দায়িত্ব থেকে সরে দাঁড়ান। হাবাস গত মরসুমে ছিলেন ইন্টার কাশীর কোচ। হাবাসের সহকারী হিসাবে দায়িত্ব নেবেন অভিজ্ঞ কোচ কার্লোস আগুস্তিন ফনসেকা তেজেইরো।

ইস্টবেঙ্গলের সঙ্গে একই দিনে আসন্ন মরসুমের জন্য মোহনবাগান নতুন কোচের নাম ঘোষণা করেছে।মোহনবাগান সুপার জায়ান্টের কোচ হলেন গ্রিক কোচ পানাজিয়োটিস ডিমপেরিস। প্যানোস নামেই তিনি বেশি পরিচিত। তাঁর সঙ্গে এক বছরের চুক্তি হয়েছে সবুজ-মেরুন দলের। গত মরশুমে তিনি পঞ্জাব এফসি,র কোচ ছিলেন।

----------------

বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপটি ক্রমশ পশ্চিম উত্তর পশ্চিমে উত্তর ছত্রিশগড় ও সংলগ্ন পূর্ব মধ্যপ্রদেশের দিকে অগ্রসর হওয়ার ফলে আজ থেকে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ অনেকটাই কমবে। দক্ষিণ ২৪ পরগনা, দুই মেদিনীপুর জেলায় বজ্রবিদ্যুৎ এবং দমকা হওয়ার সহ বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা।

এদিকে, উত্তরবঙ্গে আজ থেকে বৃষ্টির পরিমাণ বাড়তে পারে। দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার এবং কোচবিহার জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির

কমলা সতর্কতা দেওয়া হয়েছে। দার্জিলিং এবং  কালিম্পং পাহাড়ি এলাকায় ভূমিধসের সম্ভাবনাও রয়েছে।

--------------- ---------------